

# যুগান্তর

প্রিন্ট: ০৬ নভেম্বর ২০২৪, ১০:৩৫ এএম

সারাদেশ

## দুর্নীতি করব না, কাউকে করতে দিব না: যবিপ্রবির নতুন ভিসি



যশোর ব্যুরো

প্রকাশ: ০৫ নভেম্বর ২০২৪, ১০:৪০ পিএম



ছবি: সংগৃহীত

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (যবিপ্রবি) নতুন উপাচার্য অধ্যাপক ড. আব্দুল মজিদ বলেছেন, আমি জীবনে কখনো দুর্নীতি করিনি। দুর্নীতি করব না, কাউকে দুর্নীতি করতেও দিব না।

মঙ্গলবার দুপুরে যবিপ্রবির প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে সাংবাদিকদের সঙ্গে আয়োজিত মতিবিনিময় সভায় তিনি এ কথা বলেন। এ সময় তিনি যবিপ্রবির উন্নয়ন ও অগ্রযাত্রায় সাংবাদিকদের সহযোগিতা চান। তিনি বলেন, বৃহত্তর যশোর জেলার সম্ভান হিসেবে বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন ও অগ্রযাত্রায় আমি আপনাদের পাশে চাই।

মতিবিনিময় সভায় সাংবাদিকদের প্রশ্নের জবাবে উপাচার্য বলেন, আইন অনুযায়ী যবিপ্রবি রাজনীতিমুক্ত বিশ্ববিদ্যালয়। রাজনীতিমুক্ত ক্যাম্পাসের পরিবেশ নিশ্চিত কাজ করব। তবে রাজনীতি চর্চা বন্ধ থাকলেও যার যার রাজনীতি সচেতনতা থাকবে।

তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের ভবনগুলোর লিফট নিয়ে খুবই বিড়ম্বনায় আছি। লিফটগুলো অকেজো হওয়ায় চরম ভোগান্তির শিকার হচ্ছি আমরা। এর সমাধানের চেষ্টা করছি।

উপাচার্য বলেন, ক্যাম্পাসের পরিধি বৃদ্ধি করা হবে। ক্যাম্পাসের আয়তন হবে কমপক্ষে ১০০ একর। যবিপ্রবিতে মলিকুলার ডায়াগনস্টিক সেন্টার স্থাপন করা হবে। এতে ক্যানসারসহ বিভিন্ন রোগীর পরীক্ষা নিরীক্ষা করা হবে। এজন্য শহরেও একটি বুথ স্থাপন করা হবে। যাতে দেশের বিভিন্ন অঞ্চলের মানুষ পরীক্ষার জন্য সেখানে স্যাম্পল দিতে পারে। এছাড়া যবিপ্রবি ওষুধের ল্যাব স্থাপন করা হবে বলেও তিনি উল্লেখ করেন।

তিনি বলেন, বর্তমানে প্রায় ৫০ কোটি টাকার গবেষণার উন্নয়নের প্রকল্প চলমান। শিক্ষক-শিক্ষার্থী ও গবেষকদের গবেষণায় উদ্বুদ্ধ করতে প্রণোদনা ও 'রিসার্চ অ্যাওয়ার্ড' প্রদানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। যবিপ্রবি পরিবারের সদস্যদের জন্য ডা. এম আর খান মেডিকেল সেন্টারের সেবার সময় বৃদ্ধি করা হয়েছে।

ড. আব্দুল মজিদ বলেন, যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা সাময়িকী টাইমস হায়ার এডুকেশন (টিএইচই) র‍্যাঙ্কিংয়ে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় যৌথভাবে বাংলাদেশের সেরা বিশ্ববিদ্যালয় হওয়ার গৌরব অর্জন করেছে।

সাংবাদিকদের সঙ্গে আয়োজিত মতবিনিময় সভায় যবিপ্রবির ডিন অধ্যাপক ড. এইচএম জাকির হোসেন, অধ্যাপক ড. সিরাজুল ইসলাম, অধ্যাপক ড. শিরিন নিগার, অধ্যাপক ড. জাফিরুল ইসলাম, ড. মনিবুর রহমান, ড. কোরবান আলী, ড. মোহাম্মদ কামাল হোসেন, অধ্যাপক ড. জিয়াউল আমিন, রেজিস্ট্রার (চলতি দায়িত্ব) মোহাম্মদ এমদাদুল হকসহ বিভিন্ন প্রিন্ট, ইলেক্ট্রনিক ও অনলাইন গণমাধ্যমে কর্মরত সাংবাদিকরা উপস্থিত ছিলেন।